



SHIS DIRECTOR M.A. WOHAB RECEIVING TIEGER ENTREPRENEURSHIP AWARD OF THE YEAR 2008 FROM CHIEF MINISTER, W.B. AT GRAND OBEROI





SHIS Director M.A. Wohab & SHIS President Sabitri Pal with The ex-Indian President Protiva Singha Patil at Rashtrapati Bhavan, Dalhousie Road, Raisina Hills, New Delhi, Delhi 110004.



বঙ্গ সম্মানে নন্দিত বাংলার গুণীজন

কলম প্রতিবেদক: রাজ্যের মা-মাটি-মানুষের সরকার তৃতীয় বর্ষ পার করে চতুর্থ বর্ষের পথ চলা শুরু করল। মঙ্গলবার রাজ্য সরকারের তৃতীয় বর্ষ পূর্তির দিনে রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের পক্ষ থেকে সমাজের বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বঙ্গবিভূষণ ও বঙ্গভূষণ সম্মান তুলে দেওয়া হল বিশিষ্ট ব্যক্তিদের। এ দিন সন্ধ্যায় সায়েন্স সিটি অডিটোরিয়ামে বর্ণাঢ্য অনুষ্ঠানে শিক্ষা, সংস্কৃতি, সাহিত্য, সংগীত, নৃত্য, যাত্রা, সাংবাদিকতা, ক্রীড়া, চিকিৎসা, বিচারালয়, ইন্ডাস্ট্রি সহ নানা ক্ষেত্রের গুণীজনদের সম্মানজ্ঞাপন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও রাজ্যপাল এম কে নারায়ণন।

এ দিন মুখ্যমন্ত্রী বলেন, 'পায়ে পায়ে তিন বছর পথ চলল নতুন সরকার। এজন্য রাজ্যের সাধারণ মানুষদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছে রাজ্য সরকার। তৃতীয় বর্ষপূর্তিতে

সমাজের বিভিন্ন ক্ষেত্রের গুণীজনদের সম্মান জানাচ্ছে রাজ্য সরকার। সমাজের বিভিন্ন ক্ষেত্রে যারা নিজেদের প্রতিভাকে বিকশিত করে প্রস্ফুটিত করেছে সমাজের নানা ক্ষেত্রের শোভা, তাঁদের সম্মান জানাচ্ছে রাজ্য সরকার।' তিনি আরও বলেন, 'বাংলার মেধা, শিক্ষা, সংস্কৃতি সহ নানা দিক আজও বিশ্বের বুকে মাথা তুলে আছে। বাংলা ভাষা, সংস্কৃতি বিশ্বের কাছে দিশা। বিশ্বকে পথ দেখায়।' বাংলার শিক্ষা, সংস্কৃতি, সাহিত্য, সংগীত, নৃত্য, সমাজ ব্যবস্থাপনার দিকগুলি যে বিশ্বের দরবারে উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে, সে কথা ফুটে ওঠে রাজ্যপাল এম কে নারায়ণনের ভাষণে। গুণীজনদের সম্মান জানাতে পেরে তিনি আশ্বস্ত বলে জানান রাজ্যপাল জানান।

এ দিন বঙ্গবিভূষণ সম্মান জ্ঞাপন করা হয় লোকসংস্কৃতি ও লোকগানের বিশিষ্ট শিল্পী, পদ্মশ্রী পুরস্কারে ইতিমধ্যেই সম্মানিত এরপর দু'য়ের পাতায়



মহম্মদ আবদুল ওয়াহাবকে বঙ্গভূষণ সম্মান দিচ্ছেন রাজ্যপাল এম কে নারায়ণন রয়েছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ছবি: খালিদুর রহিম